

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৪৫৪

৩৪/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৭. যে ব্যক্তি তার গোলামকে হত্যা করে, অথবা তার কোন অংগছেদ করে, তার থেকে কি কিসাস নেওয়া হয়ে?

باب مَنْ قَتَلَ عَبْدَهُ أَوْ مَثَلَ بِهِ أَيْقَادُ مِنْهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ تَسْنِيمٍ الْعَتَكِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ، أَخْبَرَنَا سَوَّارُ أَبُو حَمْزَةَ، حَدَّثَنَا عَمْرُو بْنُ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ جَاءَ رَجُلٌ مُسْتَصْرِخٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ جَارِيَةٌ لَهُ يَا رَسُولَ اللَّهِ . فَقَالَ " وَيْحَكَ مَا لَكَ " . قَالَ شَرًّا أَبْصَرَ لِسَيِّدِهِ جَارِيَةً لَهُ فَغَارَ فَجَبَّ مَذَاكِيرَهُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " عَلَى الرَّجُلِ " . فَطُلِبَ فَلَمْ يُفْذَرْ عَلَيْهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اذْهَبْ فَأَنْتَ حُرٌّ " . فَقَالَ يَا رَسُولَ اللَّهِ عَلَى مَنْ نُصْرَتِي قَالَ " عَلَى كُلِّ مُؤْمِنٍ " . أَوْ قَالَ " كُلِّ مُسْلِمٍ " .

বাংলা

৪৪৫৪. মুহাম্মদ ইবন হাসান (রহঃ) আমার ইবন শু'আয়েব (রহঃ) তার দাদা আবদুল্লাহ ইবন আমর ইবন আস (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, একদা এক ব্যক্তি চীৎকার দিতে দিতে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে বলেঃ ইয়া রাসূলুল্লাহ! তার একটি দাসী। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করেনঃ তোমার কি হয়েছে বল? তখন সে বলে খুবই খারাপ! আমার মনিবের একটি দাসী আছে, তাকে আমি দেখে ফেলাতে মনিব ক্রুদ্ধ হয়ে আমার পুরস্কাংগ কেটে ফেলেছে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সে ব্যক্তিকে আমার কাছে নিয়ে এসো। তাকে ডাকা হলে, সে না আসায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যাও তুমি আযাদ। তখন সে ব্যক্তি বলেঃ ইয়া রাসূলুল্লাহ! এ ব্যাপারে কে আমাকে সাহায্য করবে? (অর্থাৎ আমার মনিব যদি জোরপূর্বক ধরে নিয়ে আমাকে দাসে পরিণত করে, তবে কে আমাকে সাহায্য করবে?) তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ প্রত্যেক মু'মিন বা প্রত্যেক মুসলিম তোমার সাহায্য করবে।

English

Narrated 'Amr b. Shu'aib:

On his father's authority, said that his grandfather told that a man came to the Prophet (ﷺ) crying for help. He said: His slave-girl, Messenger of Allah! He said: Woe to you, what happened with you? He said that it was an evil one. He saw the slave-girl of his master; he became jealous of him, and cut off his penis. The Messenger of Allah (ﷺ) said: Bring the man to me. The man was called, but people could not get control over him. The Messenger of Allah (ﷺ) then said: Go away, you are free. He asked: Messenger of Allah! upon whom does my help lie? He replied: On every believer, or he said: On every Muslim

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36560>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন